



স্পেক্ট্রাম ড্যান্স থিয়েটার, সিয়াটল, ওয়াশিংটন

স্পেক্ট্রাম ড্যান্স থিয়েটার ১৯৮২ সালে সিয়াটলে প্রতিষ্ঠিত হয়েছিল। এর লক্ষ্য বিশ্বমানের সমসাময়িক নৃত্য প্রযোজনা এবং উপস্থাপনা যা প্রত্যাশিত ধারার ব্যতিক্রম এবং আবেগ ও চেতনাকে নাড়া দেয়; বিভিন্ন ধরনের নাচের প্রশিক্ষণ; এবং একটি শিল্প এবং সামাজিক/নাগরিক হাতিয়ার হিসেবে নৃত্য সম্পর্কে কমিউনিটিকে শিক্ষিত করে তোলা। ডোনাল্ড বায়ার্ডের দূরদৃষ্টি সম্পন্ন শৈল্পিক নেতৃত্বে স্পেক্ট্রাম আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে তাৎপর্যপূর্ণ একটি কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করেছে। এই সংগঠনে বিশ্বমানের নৃত্য শিল্পীরা সমসাময়িক আকর্ষণীয় ও ব্যতিক্রমি নাচ প্রদর্শন করে যুক্তরাষ্ট্র এবং ইউরোপে সমালোচকদের প্রশংসা কুড়িয়েছেন।

শিল্পী নির্দেশক সম্বন্ধে

বেসিজ-পুরস্কার বিজয়ী কোরিওগ্রাফার ডোনাল্ড বায়ার্ড ২০০২-এর ডিসেম্বরে স্পেক্ট্রাম ড্যান্স থিয়েটারের শিল্প নির্দেশক হন। ১৯৭৮ থেকে ২০০২ সাল পর্যন্ত তিনি একটি সমসাময়িক এবং সমালোচক প্রশংসিত নাচের দল ডোনাল্ড বায়ার্ড/দ্য গ্রুপ-এর শিল্প নির্দেশক ছিলেন, দলটি দেশের ভিতরে এবং বাইরে প্রচুর ভ্রমণ করে। তার নিজের গ্রুপ এবং আরো অন্যান্য দল যেমন অ্যালভিন অ্যাইলে অ্যামেরিকান ড্যান্স থিয়েটার, দ্য ডেটন কনটেম্পোরারি ড্যান্স কোম্পানি, এবং দ্য ফিলাডেলফিয়া ড্যান্স কোম্পানির (ফিলাডাঙ্কো) জন্য তিনি ৮০ টি'র বেশি আধুনিক নৃত্যের নির্দেশনা দেন। তিনি প্যাসিফিক নর্থওয়েস্ট ব্যালে, দ্য জোফরে ব্যালে, আটারব্যালেটু, ম্যাগিও ড্যাঞ্জা ডিফিরেঞ্জ, এবং অরিগন ব্যালে থিয়েটার সহ ক্লাসিকাল দল এর জন্য কোরিওগ্রাফ করেছেন। তিনি যুক্তরাষ্ট্রের কয়েকটি সেরা থিয়েটার এবং অপেরা দল এর সঙ্গে কাজ করেছেন যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক শেক্সপিয়ার ফেস্টিভাল/পাবলিক থিয়েটার, লা জোল্লা প্লেহাউস, সানফ্রান্সিসকো অপেরা, এবং নিউ ইয়র্ক সিটি অপেরা। ২০০৫ সালে কেনেডি সেন্টার বায়ার্ডকে মাস্টার অফ কোরিয়োগ্রাফি অ্যাওয়ার্ড দিয়ে সম্মানিত করে, এবং ২০০৬ সালে তার কোরিওগ্রাফি “দ্য কালার পার্পল” এর জন্য তিনি টনি মনোনয়ন পান। অতি সম্প্রতি, বায়ার্ড জেরুসালেমের অ্যামেরিকান অ্যাকাডেমির প্রথম ফেলোদের মধ্যে একজন নির্বাচিত হন এবং ২০১১ সালে জেমস বন্ডউইন ফেলো অফ ইউনাইটেড স্টেটস আর্টিস্ট এর একজন ফেলো মনোনীত হন।

প্রেস

“নৃত্যের প্রতিটি লাইন যেন সীমালৈ ছুঁয়ে যায় যা এই অসাধারণ মেধাবী নৃত্য দলের অপূর্ব দক্ষতা ও নিয়ন্ত্রণ এর প্রদর্শনী”

সিয়াটলড্যান্সেস (১০/২/২০১১)

<http://seattledances.blogspot.com/2011/10/beast-spectrums-ferocious-debut.html>

“... শহরের সবচেয়ে অভিনব, আকর্ষণীয়, দক্ষ নৃত্য দল”

সিয়াটল টাইমস (10/16/2010)

http://seattletimes.nwsources.com/html/thearts/2013182665_spectrum21.html

কোম্পানির ওয়েবসাইট

<http://spectrumdance.org/>

ভিডিও ক্লিপ:

<http://vimeo.com/45341676>



BAM